গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা কমিশন
শিল্প ও শক্তি বিভাগ
পাট, বস্ত্র, বেজা ও বেপজা উইং
www.plancom.gov.bd

স্মারকঃ ২০.০৫.০০০০.৪৩২.০১৪.০৩৮.২০১৬/৯৯

তারিখঃ ০৯ কার্তিক, ১৪২৩ বঙ্গাব্দ
২৪ অক্টোবর, ২০১৬ খ্রি:

বিষয়ঃ **প্রকল্প মূল্যায়ন কমিটি (পিইসি) সভার বিজ্ঞপ্তি**

পরিকল্পনা কমিশনের শিল্প ও শক্তি বিভাগের ভারপ্রাপ্ত সদস্য বেগম জুয়েনা আজিজ এর সভাপতিতে এ বিভাগের সম্মেলন কক্ষে (ব্লক নং-১০; কক্ষ নং-০৪) বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের আওতাধীন পাট অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন নিম্নোক্ত প্রকল্পের ওপর প্রকল্প মূল্যায়ন কমিটি (পিইসি) এর সভা নিম্নোক্ত সময়সূচি অনুযায়ী অনুষ্ঠিত হবেঃ

| ক্রমিক নং | প্রকল্পের নাম | অর্থায়নের উৎস | তারিখ, সময় ও ভেন্যু | মন্ত্রণালয়/সংস্থা |
|---|---|---|---|---|
| ০১। | "বাংলাদেশ পাটকল কর্পোরেশনের আওতাধীন ০৩টি মিল সুষমকরণ, আধুনিকায়ন, পুনর্বাসন এবং বর্ধিতকরণ প্রকল্প" | জিওবি | ২৭/১০/২০১৬ খ্রি: (বৃহস্পতিবার) সকাল: ১১:৩০ ঘটিকা পরিকল্পনা বিভাগের সম্মেলন কক্ষ (ব্লক নং-১০; কক্ষ নং-০৪)। | বস্ত্র ও পাট মন্ত্রণালয়/ বাংলাদেশ পাটকল কর্পোরেশন (বিজেএমসি) |

০২। সভার কার্যপত্র ও প্রস্তাবিত আরডিপিপি (প্রতিটি ১ প্রস্ত) এতদসঙ্গে প্রেরণ করা হলো।

০৩। উক্ত সভায় যথা সময়ে উপস্থিত থাকার/উপযুক্ত প্রতিনিধি প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

(মো: সালাহউদ্দিন আহাম্মদ)
সিনিয়র সহকারী প্রধান
ফোনঃ ৯১১৭৩৩১
sahmedmk@yahoo.com

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। সচিব, বস্ত্র ও পাট মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, শেরে-বাংলা নগর, ঢাকা।
৫। সচিব, বন ও পরিবেশ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬। সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭। প্রধান, সাধারণ অর্থনীতি বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
৮। প্রধান, কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
৯। চেয়ারম্যান, বাংলাদেশ পাটকল কর্পোরেশন (বিজেএমসি), মতিঝিল বা/এ, ঢাকা।

সদয় অবগতির জন্য অনুলিপিঃ-

১। উপ সচিব, প্রটোকল শাখা, পরিকল্পনা বিভাগ, শেরে-বাংলা নগর, ঢাকা।
(পরিকল্পনা বিভাগের সম্মেলন প্রস্তুত রাখা এবং ৩০ জনের চা-নাস্তার ব্যবস্থাকরণের অনুরোধসহ)
২। ভারপ্রাপ্ত সদস্য (শিল্প ও শক্তি বিভাগ) মহোদয়ের একান্ত সচিব, শেরে-বাংলা নগর, ঢাকা।
৩। প্রধান (শিল্প ও শক্তি বিভাগ) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, শেরে-বাংলা নগর, ঢাকা।
৪। যুগ্ম-প্রধান (পাট, বস্ত্র, বেজা ও বেপজা উইং) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, (শিল্পওশক্তি)বিভাগ,শেরে-বাংলা নগর, ঢাকা।
৫। সহকারী প্রোগ্রামার, আইসিটি শাখা, পরিকল্পনা বিভাগ, শেরে-বাংলা নগর, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা কমিশন
শিল্প ও শক্তি বিভাগ
পাট ও বস্ত্র উইং

**বিষয়ঃ প্রকল্প মূল্যায়ন কমিটি (পিইসি) সভার জন্য কার্যপত্র।**

১। **প্রকল্পের নাম** ঃ "বাংলাদেশ পাটকল কর্পোরেশনের আওতাধীন ০৩টি মিল সুষমকরণ, আধুনিকায়ন, পুনর্বাসন এবং বর্ধিতকরণ প্রকল্প"
[Balancing, Modernization, Rehabilitation and Expansion (BMRE) of 03 (three) Mills under Bangladesh Jute Mills Corporation]

২। **ক) উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগ** ঃ বস্ত্র ও পাট মন্ত্রণালয়।
**খ) বাস্তবায়নকারী সংস্থা** ঃ বাংলাদেশ পাটকল কর্পোরেশন।

৩। **প্রকল্পের প্রাক্কলিত ব্যয়** ঃ

(কোটি টাকায়)

| প্রকল্প ব্যয় | প্রাক্কলিত ব্যয় |
|---|---|
| মোট | ১৯৮.৬৮৯২ (বৈ: মু: ৭৭.৩৮৪৩) |
| জিওবি | ১৯৮.৬৮৯২ (বৈ: মু: ৭৭.৩৮৪৩) |
| প্রকল্প সাহায্য | - |

৪। **প্রকল্পের অর্থায়ন ও উৎস (কোটি টাকায়) ঃ**

(কোটি টাকায়)

| অর্থায়নের ধরণ | | জিওবি | প্রকল্প সাহায্য | অর্থায়নের উৎস |
|---|---|---|---|---|
| ঋণ | ঃ | - | - | জিওবি |
| অনুদান | ঃ | ১৯৮.৬৮৯২ (বৈ: মু: ৭৭.৩৮৪৩) | - | |
| ইক্যুইটি | ঃ | - | - | |
| মোট | ঃ | ১৯৮.৬৮৯২ (বৈ: মু: ৭৭.৩৮৪৩) | - | |

৫। **জিওবি অর্থের উৎস ও ডিপিপি অনুযায়ী বছরভিত্তিক বরাদ্দ (কোটি টাকায়) ঃ**

(কোটি টাকায়)

| বছরভিত্তিক জিওবি অর্থের চাহিদা | | প্রয়োজনীয় জিওবি অর্থের উৎস |
|---|---|---|
| অর্থবছর | পরিমাণ | |
| ২০১৬-১৭ | ৩.২১০৪ | বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) |
| ২০১৭-১৮ | ১৯৫.৪৭৮৮ | |
| মোট= | ১৯৮.৬৮৯২ | |

৬। **প্রকল্পের বাস্তবায়নকাল:**

| | | আরম্ভ | সমাপ্তি |
|---|---|---|---|
| প্রকল্পের প্রস্তাবিত মেয়াদ | ঃ | জানুয়ারি ২০১৭ | জুন ২০১৮ |

৭। **প্রকল্প এলাকা** ঃ

| ক্র.ন. | পাটকল/ইন্ডাস্ট্রির নাম | উপজেলা | জেলা |
|---|---|---|---|
| ১। | ইউনাইটেড মেঘনা চাঁদপুর (ইউএমসি) জুট মিলস্ লিমিটেড | নরসিংদী সদর | নরসিংদী |
| ২। | যশোর জুট ইন্ডাস্ট্রিজ লিমিটেড | নোয়াপাড়া | যশোর |
| ৩। | গালফ্রা হাবিব লিমিটেড | সীতাকুন্ড | চট্টগ্রাম |



৪ ৪৭

৮। **চলতি বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে অন্তর্ভুক্তি ও বরাদ্দ/চাহিদা ঃ** প্রকল্পটি ২০১৬-১৭ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি)-তে অননুমোদিত প্রকল্পের তালিকায় বরাদ্দবিহীনভাবে অন্তর্ভুক্ত আছে (এডিপি পৃষ্ঠা নং-৭৩৬, ক্রমিক নং-২৭৮)।

**৯। প্রকল্পের উদ্দেশ্য ঃ**

আলোচ্য প্রকল্পটি বাস্তবায়নের মূল উদ্দেশ্য হলো পরিবেশ-বান্ধব পাটপণ্য উৎপাদন এবং পাটকলসমূহের জন্য খুচরা যন্ত্রাংশ তৈরীতে নিয়োজিত দীর্ঘ দিনের পুরাতন পাটকল সমূহকে আধুনিকায়ন করা। এছাড়াও অন্যান্য সুনির্দিষ্ট উদ্দেশ্যসমূহ হলোঃ-

- বাংলাদেশ পাটকল কার্পোরেশনের আওতায় পরিচালিত দুইটি পাটকল এবং পাটকলের খুচরা যন্ত্রাংশ প্রস্তুতকারী একটি কারখানার (গালফ্রা হাবিব লিমিটেড) আধুনিকায়ন, পুনর্বাসন এবং সম্প্রসারণ করা;
- পাটপণ্য উৎপাদনে সুনিপুনতা আনয়ন, উৎপাদন সময় ও ব্যয় হ্রাস এবং চূড়ান্ত উৎপাদিত পণ্যের গুণগত মান বৃদ্ধি করে দেশে ও বিদেশে পাটপণ্যের চাহিদা পূরণের লক্ষ্যে বিদ্যমান পাটকলসমূহকে আধুনিকীকরণের মাধ্যমে উৎপাদন ক্ষমতা ও দক্ষতা বৃদ্ধি করা। এছাড়া, শ্রমিক এবং যন্ত্রপাতির দক্ষতা ও উৎপাদনশীলতা বৃদ্ধির মাধ্যমে অধিক পরিমানে ও মানসম্পন্ন পরিবেশ-বান্ধব পাট পণ্য উৎপাদন করা;
- আধুনিক প্রযুক্তিনির্ভর যন্ত্রপাতি ব্যবহারের মাধ্যমে পণ্য উৎপাদনের ব্যয় ও সময় সাশ্রয় করে পাট পণ্যের উৎপাদন বৃদ্ধি করা এবং পাট পণ্যের রপ্তানী বহলাংশে বৃদ্ধি করা;
- পাটপণ্য উৎপাদন চলমান রাখার জন্য পাটকলসমূহে বর্তমানে ব্যবহৃত যন্ত্রপাতিসমূহের দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে কারখানাসমূহে নিয়মিতভাবে সাশ্রয়ী মূল্যে খুচরা যন্ত্রাংশ সরবরাহ করা, আউট-সোর্সিং-এর মাধ্যমে পাটকলসমূহের খুচরা যন্ত্রাংশসমূহ ক্রয়ের মাধ্যমে দেশী ও বৈদেশিক মুদ্রার ব্যয় সাশ্রয় করা। এ লক্ষ্যে গালফ্রা-হাবিব লিমিটেডকে সুষমকরণ, আধুনিকায়ন,পুনর্বাসন ও বর্ধিতকরণের উদ্দেশ্য হলো বাংলাদেশ পাটকল কর্পোরেশনের অধীনে পরিচালিত পাটকলসমূহের চাহিদা মোতাবেক প্রতিনিয়ত ও কাঙ্খিত সময়ে খুচরা ও আনুষঙ্গিক যন্ত্রাংশ সরবরাহ করা;
- দেশে কলকারখানার মাধ্যমে নিঃসরিত কার্বনের পরিমান হ্রাস করা। অধিক হারে পাট ও পাটজাত পণ্য উৎপাদনের মাধ্যমে পরিবেশ সুরক্ষায় স্বল্প খরচে পাট ও পাটজাত পণ্য উৎপাদনের মাধ্যমে পাট পণ্যের ব্যবহারের ক্ষেত্র, ব্যাপ্তি এবং সুযোগ বৃদ্ধি করা; এবং
- নতুন কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করা এবং বর্তমানে পাট শিল্পের বিদ্যমান বেকার শ্রমিকদের দক্ষতা বৃদ্ধি করা ও উৎপাদন ব্যয় হ্রাস করা ইত্যাদির মাধ্যমে টেকসই উন্নয়ন কৌশল (এসডিজি) ও ভিশন ২০২১ এর বিভিন্ন এবং সংশ্লিষ্ট লক্ষ্যসমূহ অর্জনের মাধ্যমে দেশের জন্য অতি প্রয়োজনীয় অধিক পরিমাণে বৈদেশিক মুদ্রা উপার্জনের লক্ষ্যে পাট ও পাটজাত পণ্যসূহের উৎপাদন বৃদ্ধি করা।

**১০. প্রস্তাবিত প্রকল্পের সংক্ষিপ্ত পটভূমি ও মূল কার্যক্রম:**

**১০.১ প্রকল্পের সংক্ষিপ্ত পটভূমি :**

- ইউনাইটেড মেঘনা চাঁদপুর জুট মিলস, যশোর জুট ইন্ডাস্ট্রিজ লিমিটেড এবং গালফ্রা-হাবিব লিমিটেড প্রায় ৫০-৬০ বৎসর পূর্বে স্থাপন করা হয়েছিল। এ সকল শিল্প প্রতিষ্ঠানের বিদ্যমান যন্ত্রপাতিসমূহের উৎপাদন ক্ষমতা এখন সর্বনিম্ন পর্যায়ে নেমে এসেছে। শিল্প-কারখানাগুলোর উৎপাদনশীলতা বৃদ্ধির লক্ষ্যে বিদ্যমান যন্ত্রপাতিসমূহ আধুনিক যন্ত্রপাতি দ্বারা প্রতিস্থাপন করা অত্যন্ত জরুরি হয়ে পড়েছে। এগুলোতে আধুনিক যন্ত্রপাতি স্থাপন পূর্বক আরও অধিক পরিমানে শ্রমিক নিয়োগের ফলে শুধুমাত্র উৎপাদনশীলতাই নয় উৎপাদনও অনেকাংশে বৃদ্ধি পাবে। এ লক্ষ্যে সরকার ২টি বিধ্যমান জুট মিলকে আধুনিকায়ন পুনর্বাসন এবং বর্ধিতকরনের পাইলট কার্যক্রম গ্রহণ করেছে।

- প্রতি বছর পাট শিল্প কারখানা সমূহের খুচরা ও আনুষজ্ঞিক যন্ত্রাংশ ক্রয়ে বিপুল পরিমান বৈদেশিক মুদ্রা ব্যয় করতে হয়। গালফ্রা-হাবিব লিমিটেড ১৯৬৭ সালে স্থাপন করা হয়। ১৯৭৬ সাল হতে প্রতিষ্ঠানটি বাংলাদেশ পাটকল করর্পোরেশনের তত্ত্বধানে পরিচালিত হচ্ছে। কারখানাটি বিজেএমিস'র আওতায় পরিচালিত পাট কলসমূহ খুচরা ও আনুষজ্ঞিক যন্ত্রাংশ সরবরাহ করে আসছে। তবে বর্তমানে পাটকল সমূহের ক্ষুদ্র যন্ত্রাংশের চাহিদার মাত্র ৩০-৪০% এ কারখানাটি পূরণ করতে সক্ষম। এ কারখানায় স্থাপিত যন্ত্রসমূহ প্রায় ৪৮(আটচল্লিশ) বছরের পুরোনো এবং অপ্রচলিত। তদুপরি এখনও কিছু যন্ত্রাংশ চাহিদা এটি পূরণ করতে পেরেছে। কারখানাটির উৎপাদনশীলতা এবং উৎপাদান বাড়াতে এবং চাহিদা মোতাবেক যথাসময়ে ক্ষুদ্র খচরা যন্ত্রপাতি সরবরাহের লক্ষ্য অনতিবিলম্বে আধুনিক মেশিন ও যন্ত্রপাতি স্থাপন করা প্রয়োজন। এ প্রকল্পটি বাস্তবায়িত হলে কম খরচে পরিবেশ-বান্ধব পাট পণ্য উৎপাদনে শিল্প প্রতিষ্ঠানগুলো সক্ষম হবে। এছাড়া পাটকলগুলো প্রচুর বৈদেশিক মুদ্রা উপার্জনেও সক্ষম হবে। এছাড়া, নতুন কর্মসংস্থানের সৃষ্টি হবে।



৭

১০.২ **প্রকল্পের প্রধান প্রধান কার্যক্রম:**

- ইউএমসি ও জেজেআই পাটকল সমূহের এবং গালফ্রা হাবিব লিমিটেডের বিদ্যমান পুরানো যন্ত্রপাতিসমুহ প্রতিস্থাপন ও ক্ষেত্র বিশেষে মেরামত করা এবং সকল মেশিনারিজ ও যন্ত্রপাতি রক্ষণাবেক্ষণ করা।
- ইউএমসি ও জেজেআই পাটকল সমূহের এবং গালফ্রা হাবিব লিমিটেডের জন্য নতুন মেশিনারিজ ক্রয় করা;
- কম্পিউটার ও আনুষঙ্গিক যন্ত্রপাতি এবং বৈদ্যুতিক যন্ত্রপাতি ক্রয় করা;
- গালফ্রা হাবিব লিমিটেডের জন্য একটি গাড়ী ক্রয় করা;
- গালফ্রা হাবিব লিমিটেডের জন্য ল্যাবোরেটরী যন্ত্রপাতি ক্রয় করা;
- ইউএমসি ও জেজেআই পাটকল সমূহে যন্ত্রপাতি স্থাপনের জন্য ফ্লোর কাস্টিংসহ ফ্যাক্টরী ভবন মেরামত করা;
- গালফ্রা হাবিব লিমিটেডের আবাসিক ও অন্যান্য ভবন এবং অভ্যন্তরীন সড়ক মেরামত করা;
- প্যাটেন্ট ও ফাউন্ড্রি সপ, জেনারেটর রুম, কম্প্রেসার রুম, অফিস ভবন, ব্যাচেলর শ্রমিকগণের আবাসিক কোয়ার্টার এবং নর্দমা নির্মাণ (নতুন) করা;
- গালফ্রা হাবিব লিমিটেডের বিভিন্ন পর্যায়ের স্টাফ এবং কর্মকর্তাগণের প্রশিক্ষণ প্রদান করা;
- গালফ্রা হাবিব লিমিটেডের জন্য পরামর্শক নিয়োগ করা।

**১১। প্রকল্পের প্রধান অঙ্গভিত্তিক ব্যয় বিভাজন ঃ সংযোজনী 'ক' দ্রষ্টব্য ।**

**১২। প্রকল্পের আয়-ব্যয় বিশ্লেষণ** ঃ প্রকল্পের আয়-ব্যয় বিশ্লেষণ নিম্নে দেওয়া হলোঃ-

| পাটকল/ইন্ডাস্ট্রির নাম | বিসিআর (ফাইন্যান্সিয়াল) | বিসিআর (ইকোনমিক) | আইআরআর (ফাইন্যান্সিয়াল) | আইআরআর (ইকোনমিক) |
|---|---|---|---|---|
| ইউনাইটেড মেঘনা চাঁদপুর (ইউএমসি) জুট মিলস্ লিমিটেড | ১.৯৯ | ২.০২ | ২৪.৭১২% | ২৪.৭২৬% |
| যশোর জুট ইন্ডাস্ট্রিজ লিমিটেড | ১.৪৬ | ১.৪৭ | ২৩.১৭৫% | ২৩.২০৬% |
| গালফ্রা হাবিব লিমিটেড | ২.০০ | ২.২৫ | ২৬.৬৭% | ২৯.৩৯৪% |

**১৩। পরিকল্পনা কমিশনের মতামতঃ**

১৩.১ ডিপিপি'র পৃষ্ঠা নং ৩-৪ এ প্রদত্ত প্রকল্পের অঙ্গভিত্তিক ব্যয় বিভাজনে পরিমাণ/সংখ্যা এবং নতুন ভৌত কাঠামো নির্মাণের বিষয়টি স্পষ্টভাবে উল্লেখ করতে হবে। এছাড়া, বিভিন্ন ভৌত অবকাঠামো নির্মাণ/মেরামতের বিষয়টি একত্রে এক সংগে উল্লেখ না করে পৃথকভাবে (Itemwise and costwise breakdown) উল্লেখ করতে হবে।

১৩.২ যে সকল যন্ত্রপাতি বিদেশ হতে সংগ্রহ করতে হবে সেগুলোর ব্যয় প্রাক্কলনে টাকা ও মার্কিন ডলারের বিনিময় হার বর্তমানের বাজার ভিত্তিক বিনিময় হারের সংগে সামঞ্জস্যপূর্ণ হতে হবে।

১৩.৩ প্রকল্পটি সম্পূর্ণ জিওবি অনুদানের পরিবর্তে দীর্ঘ মেয়াদে পরিশোধযোগ্য সহজ শর্তে জিওবি হতে ঋণ সহায়তা গ্রহণের মাধ্যমে বাস্তবায়নের বিষয়টি সভায় আলোচনা করা যেতে পারে। মোট প্রকল্প ব্যয়ের ১০% বিজেএমসি'র নিজস্ব অর্থায়ন থেকে নির্বাহ করা যেতে পারে।

১৩.৪ প্রকল্পের সম্ভাব্যতা সমীক্ষা কেবলমাত্র বাংলাদেশ পাটকল কর্পোরেশনের কর্মকর্তাগণের সমন্বয়ে গঠিত কমিটির মাধ্যমে সম্পাদন করা হয়েছে। Conflict of interest পরিহারের লক্ষ্যে সম্ভাব্যতা সমীক্ষা পরিচালনায় গঠিত কমিটিতে সংশ্লিষ্ট সংস্থা/প্রতিষ্ঠান/পাবলিক বিশ্ববিদ্যালয়ের অন্তত ২ (দুই) জন অভিজ্ঞ কর্মকর্তা/পেশাজীবিদের অন্তর্ভুক্ত করা সমীচীন হতো। এ বিষয়ে সভায় আলোচনা করা যেতে পারে।

১৩.৫ প্রকল্পের আওতায় যে সকল যন্ত্রপাতি ক্রয়/সংগ্রহ করা হবে সেগুলোর অর্থের সংস্থান (বৈদেশিক মুদ্রা), যন্ত্রপাতি সমূহের ক্রয় প্রক্রিয়া এবং সম্ভাব্য যে সকল দেশ হতে যন্ত্রপাতি ক্রয়/সংগ্রহ করা হবে সে সম্পর্কে সভায় আলোচনা করা যেতে পারে।

১৩.৬ প্রকল্পের আওতায় সংস্থানকৃত প্রশিক্ষণের ধরণ এবং বিভিন্ন প্রকার প্রশিক্ষণের প্রাক্কলিত ব্যয় বিভাজন বিস্তারিতভাবে সংযোজনী'তে (Annex) উল্লেখ করতে হবে। এ বিষয়ে সভায় বিস্তারিতভাবে আলোচনা করা যেতে পারে।



৪৭

১৩.৭ বাংলাদেশ পাটকল কর্পোরেশনের (বিজেএমসি) এর নিজস্ব কর্মকর্তাগণের সমন্বয়ে প্রকল্পের আওতায় সংস্থানকৃত ভৌত কাজ (নতুন নির্মাণ এবং মেরামত) এবং মেশিনারিজ ও যন্ত্রপাতি সংগ্রহের জন্য যেহেতু ব্যয় প্রাক্কলন করা হয়েছে সেহেতু প্রাক্কলিত ব্যয় একটি ব্যয়-যুক্তিযুক্তকরণ কমিটি গঠনপূর্বক যাচাইয়ের প্রয়োজনীয়তা রয়েছে কী-না এবং প্রয়োজন থাকলে কমিটি'র গঠন বিষয়ে সভায় আলোচনা করা যেতে পারে।

১৩.৮ প্রকল্পের মেয়াদ জানুয়ারি ২০১৭ হতে জুন ২০১৮ পর্যন্ত (অর্থাৎ ১ বৎসর ৬ মাস) প্রস্তাব করা হয়েছে। লক্ষণীয় যে, প্রকল্পের আওতায় পুরাতন অবকাঠামো মেরামতের পাশাপাশি বিভিন্ন নতুন অবকাঠামো নির্মাণের সংস্থান রয়েছে। এছাড়া, প্রকল্পের আওতায় আন্তর্জাতিক প্রতিযোগিতামূলক দরপত্র আহ্বানের মাধ্যমে পাটকল সংশ্লিষ্ট বিভিন্ন ভারী ও প্রচলিত অন্যান্য মেশিনারিজ ও যন্ত্রপাতি এবং খুচরা যন্ত্রাংশ ক্রয়ের সংস্থান রয়েছে। বর্ণিত সময়ে এ সকল কার্যাদি সুষ্ঠুভাবে সম্পন্ন করা সম্ভব হবে কী-না সে বিষয়ে সভায় আলোচনা করা যেতে পারে।

(অঞ্জন কুমার বিশ্বাস)
যুগ্ম-প্রধান

সংযোজনী-'ক'

(লক্ষ টাকায়)

| ক্র: নং | খাতের বিবরণ | প্রস্তাবিত ডিপিপি অনুযায়ী প্রাক্কলিত ব্যয় | | | |
|---|---|---|---|---|---|
| | | পরিমাণ/সংখ্যা | জিওবি (বৈ:মু:) | প্র:সা: | মোট |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| রাজস্ব খাতঃ | | | | | |
| ১. | আবগারী শুল্ক/ভ্যাট | - | ৪০৩.৯৩ | - | ৪০৩.৯৩ |
| ২. | ডাক মাশুল | - | ১.৫০ | - | ১.৫০ |
| ৩. | বীমা ও ব্যাংক চার্জ | - | ৭.০০ | - | ৭.০০ |
| ৪. | স্টেশনারী | - | ৮.০০ | - | ৮.০০ |
| ৫. | বিজ্ঞাপন ও প্রচারণা | - | ৭.৮০ | - | ৭.৮০ |
| ৬. | প্রাক-জাহাজীকরণ পরিদর্শন | - | ২২.০০ | - | ২২.০০ |
| ৭. | প্রশিক্ষণ ব্যয় (গালফ্রা হাবিব) | - | ৩৫.০০ | - | ৩৫.০০ |
| ৮. | আবগারী শুল্ক/ভ্যাট | - | ১০.৫০ | - | ১০.৫০ |
| ৯. | ডাক মাশুল | - | ২৫.০০ | - | ২৫.০০ |
| ১০. | বিবিধ | - | ৯.০০ | - | ৯.০০ |
| ১১. | স্থাপন ও দায়িত্ব অর্পন/হস্তান্তর | - | ১৪০.০০ | - | ১৪০.০০ |
| ১২. | মেশিনারিজ ও যন্ত্রপাতির মেরামত ও রক্ষণাবেক্ষণ, যান্ত্রিক ও বৈদ্যুতিক খুচরা যন্ত্রাংশ | - | ৫০৬৬.৯০ | - | ৫০৬৬.৯০ |
| ১৩. | ইউএসসি ও জেজেআই-এর মেঝে আস্তরন ও যন্ত্রপাতি স্থাপনসহ কারখানা ভবন, গুদাম ইত্যাদি মেরামত | - | ৩৭৯০.১৬ | - | ৩৭৯০.১৬ |
| ১৪. | আবাসিক ভবন মেরামত (গালফ্রা হাবিব) | - | ২১৮.০৭ | - | ২১৮.০৭ |
| ১৫. | অন্যান্য ভবন ও স্থাপনা মেরামত (গালফ্রা হাবিব) | - | ৯.৭৫ | - | ৯.৭৫ |
| ১৬. | অভ্যন্তরীণ সড়ক মেরামত (গালফ্রা হাবিব) | - | ৪২.৫৯ | - | ৪২.৫৯ |
| | উপ-মোট (রাজস্ব): | | ৯৭৯৭.২০ | | ৯৭৯৭.২০ |
| মূলধন খাতঃ | | | | | |
| ১৭. | মেশিনারীজ এন্ড ইক্যুইপমেন্টস্ | - | ৭৭৩৮.৪৩ | - | ৭৭৩৮.৪৩ |
| ১৮. | কম্পিউটার এবং আনুষঙ্গিক | - | ১৫.০০ | - | ১৫.০০ |
| ১৯. | অফিস ইক্যুইপমেন্টস্ | - | ১৫.০০ | - | ১৫.০০ |
| ২০. | গবেষনাগার ইক্যুইপমেন্টস্ (গালফ্রা হাবিব লি:) | - | ১০.০০ | - | ১০.০০ |
| ২১. | বৈদ্যুতিক ইক্যুইপমেন্টস্ | - | ১১৯৬.৯২ | - | ১১৯৬.৯২ |
| ২২. | মোটরযান ক্রয় (গালফ্রা হাবিব লি:) | - | ৭৩.৯০ | - | ৭৩.৯০ |
| ২৩. | অফিস ভবন নির্মাণ (গালফ্রা হাবিব লি:) | - | ৭২.০০ | - | ৭২.০০ |
| ২৪. | অন্যান্য ভবন ও স্থাপনা নির্মাণ (গালফ্রা হাবিব লি:) | - | ৫৫৬.৩০ | - | ৫৫৬.৩০ |
| ২৫. | নর্দমা নির্মাণ (গালফ্রা হাবিব লি:) | - | ৪.৫৮ | - | ৪.৫৮ |
| | উপ-মোট (মূলধন): | | ৯৬৮২.১৩ | | ৯৬৮২.১৩ |
| | মোট (রাজস্ব+মূলধন): | | ১৯৪৭৯.৩৩ | | ১৯৪৭৯.৩৩ |
| ২৬. | ফিজিক্যাল কন্টিনজেন্সি (১%) | - | ১৯৪.৭৯৫ | - | |
| ২৭. | প্রাইস কন্টিনজেন্সি (১%) | - | ১৯৪.৭৯৫ | - | |
| | সর্বমোটঃ | | ১৯৮৬৮.৯২ | | ১৯৮৬৮.৯২ |